

ঢাবিতে আরবি বিভাগের উদ্যোগে প্রথম আন্তর্জাতিক সেমিনার

নিজস্ব
প্রতিবেদক

০৪ জানুয়ারি,
২০২৫ ২০:৫১

শেয়ার

অ +

অ -



قسم العربية، جامعة دكا
Department of Arabic
UNIVERSITY OF DHAKA

প্রথমবারের মতো আন্তর্জাতিক সেমিনার আয়োজন করতে যাচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগ। ‘আরবি ভাষা ও সাহিত্য পাঠে আধুনিক প্রবণতা’ শীর্ষক দুই দিনব্যাপী এ সেমিনারে দেশ-বিদেশের বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক, ভাষাবিদ ও শিক্ষার্থীরা অংশ নেবেন।

রবিবার (৫ জানুয়ারি) সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের আর সি মজুমদার মিলনায়নে সেমিনারটি শুরু হবে। এর উদ্বোধনী পর্বে প্রধান অতিথি হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান ও বিশেষ অতিথি হিসেবে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান উপস্থিত থাকবেন।

এতে কিনোট স্পিকার হিসেবে থাকবেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আবু বকর রফিক আহমদ। সেমিনারে সভাপতিত্ব করবেন আরবি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. যুবাইর মুহাম্মদ এহসানুল হক।

বিকেলের সমাপনী পর্বে প্রধান অতিথি হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ ও বিশেষ অতিথি হিসেবে ইসলামিক আরবি বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. শহিদুল ইসলাম উপস্থিত থাকবেন।

পরদিন রবিবার (৬ জানুয়ারি) আন্তর্জাতিক এ সেমিনারের ভার্চুয়াল পর্ব অনুষ্ঠিত হবে।

